

১/১৫
১৯/১৯

পরিচালকের কার্যালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, চট্টগ্রাম অঞ্চল
(রোড নং- ১৫, সিডিএ আ/এ, আত্মাবাদ, চট্টগ্রাম)
www.dshtctg.gov.bd

৩/১১
২৬.৯.১৯
৩৬.৯.১৯
তারিখ: ১৬/০৭/২০১৯খ্রিঃ



স্মারক নং- ৩৫৭৫/৮-জি.এ

বিষয়: শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শিক্ষক-কর্মচারীদের যথাসময়ে উপস্থিতি ও পূর্ণদায়িত্ব পালন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে অনেক শিক্ষক-কর্মচারীই মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর তথা শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত সময়ের পরে কর্মস্থলে উপস্থিত হন এবং যতক্ষণ উপস্থিত থাকার নিয়ম তার পূর্বেই কর্মস্থল ত্যাগ করে থাকেন। ফলে নির্ধারিত/পূর্ণসময় দায়িত্ব পালনের বিষয়টি প্রশ্রবদ্ধ হয়ে উঠছে। অন্যদিকে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক কর্মচারীদের হাজিরা খাতায়ও তাঁদের উপস্থিতির স্বাক্ষর যথাসময়ে এবং যথাযথভাবে লিপিবদ্ধ হচ্ছে না। বিষয়টি একদিকে যেমন দুঃখজনক ও লজ্জাকর অন্যদিকে তেমনি সুস্পষ্ট অন্যায় ও শাস্তিযোগ্য অপরাধ। কেননা আমরা সবাই জানি, শিক্ষা জাতির মেরুদণ্ড এবং শিক্ষকরা হলেন তার ধারক ও বাহক। শিক্ষকরা জাতির জাহ্নত বিবেক।

এমতাবস্থায়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, চট্টগ্রাম অঞ্চলের অধিক্ষেত্রাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান (নিম্নমাধ্যমিক বিদ্যালয়, মাধ্যমিক বিদ্যালয়, কলেজ, মাদ্রাসা, স্কুল এন্ড কলেজ, কারিগরি এবং প্রিভোকেশনাল-ভোকেশনাল শিক্ষা প্রতিষ্ঠান)-এ কর্মরত শিক্ষক-কর্মচারীদের যথাসময়ে উপস্থিত হওয়াসহ হাজিরা খাতায় যথানিয়মে স্বাক্ষর নেওয়া (প্রয়োজ্য ক্ষেত্রে) এবং নির্ধারিত সময় প্রতিষ্ঠানে অবস্থান করে দায়িত্ব পালন নিশ্চিতকরণের জন্য আপনাকে/আপনাদেরকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

উল্লেখ্য, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক ১০/০৩/২০১৯ তারিখে জারীকৃত নির্দেশনা মোতাবেক আকস্মিক পরিদর্শন (পূর্ব অবহিতকরণ ব্যতিরেকে সরেজমিন শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন) চলমান রয়েছে। এইরূপ পরিদর্শনকালে উপরে বর্ণিত অবস্থায় কোন শিক্ষক-কর্মচারীকে পাওয়া গেলে তাঁর বিরুদ্ধে অবশ্যই যথাযথ বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে। সুতরাং এই বিষয়ে সংশ্লিষ্ট সকলের সতর্কতা অবলম্বনপূর্বক দায়িত্ব পালনের ক্ষেত্রে পূর্ণ আন্তরিকতা ও নিয়মানুবর্তিতা কামনা করছি।

বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ।

২৬.৯.১৯

(প্রফেসর প্রদীপ চক্রবর্তী)

পরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা

চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম

০৩১-৭১২০২২

directorctg@yahoo.com

বিতরণ: (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, চট্টগ্রাম অঞ্চলের)-
অধ্যক্ষ, (সকল সরকারি ও বেসরকারি কলেজ)
প্রধান শিক্ষক, (সকল সরকারি ও বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়)
সুপার/অধ্যক্ষ, (সকল মাদ্রাসা)
অধ্যক্ষ, (সকল কারিগরি ও প্রিভোকেশনাল-ভোকেশনাল শিক্ষা প্রতিষ্ঠান)

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

- ১। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
- ৩। যুগ্ম-প্রোগ্রাম পরিচালক, সেসিপ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
- ৪। পরিচালক (কলেজ ও প্রশাসন/মাধ্যমিক/পরিবীক্ষণ ও মূল্যায়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
- ৫। আঞ্চলিক উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, চট্টগ্রাম।
- ৬। জেলা শিক্ষা অফিসার (চট্টগ্রাম, ফেনী, নোয়াখালী, কক্সবাজার, বান্দরবান, রাঙ্গামাটি ও খাগড়াছড়ি)।
- ৭। পি এ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
- ৮। সংরক্ষণ নথি।